



বরিশালে প্রাথমিক সহকারী শিক্ষকদের বিভাগীয় সমাবেশ

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

বরিশাল অফিস

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন ১১তম গ্রেডে উন্নীতকরণের দাবিতে বরিশালে বিভাগীয় সমাবেশ হয়েছে। বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোট বরিশাল বিভাগের উদ্যোগে বুধবার সকালে বরিশাল নগরীর সদর রোডের অশ্বিনী কুমার হলে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

শিক্ষক মহাজোট নেতা সৈয়দ মাহাবুব আলমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক নেতা জাহিরুল ইসলাম জাফর ও গোলাম সরোয়ারসহ অন্যান্যরা।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|